

Present Perfect Continuous Tense/ পুরাঘটমান বর্তমান

The present perfect continuous tense is used for **an action which began at some time in the past and is still continuing.**

কোন কাজ পূর্বে আরম্ভ হয়ে এখনও চলছে এরূপ বোঝালে Present perfect continuous tense হয়।

বাংলায় চিনার উপায়:

বাংলায় ক্রিয়ার শেষে তেছ, তেছি, তেছে, তেছেন, চছ, চছি, চছে, চছেন, ছু, ছি, ছে, ছেন ইত্যাদি উল্লেখ থাকে এবং তার সাথে সময়ের উল্লেখ থাকে।

1. Structure:

Subject + has been/have been + main verb + ing + since/from/for + object.

Example:

- তারা দুই দিন ধরে কাজটি করছে– They have been doing this work for two days.
- তুমি দুই ঘণ্টা যাবৎ পড়ছ – You have been reading for two hours. (নির্দিষ্ট সময়)
- ছেলেবেলা হতে সে এখানে বাস করিতেছে – He has been living here from his boyhood.
- ঋতু গত সোমবার হইতে জ্বরে ভুগিতেছে – Fahim has been suffering from fever since last Monday.

Note - Subject third person singular number (he, she, it কোন ব্যক্তি, বস্তু, জায়গা বা প্রাণীর নাম) বোঝালে has been বসবে। I, we, you, they এবং অন্যসব plural subject এর শেষে have been বসবে।

Note - এক্ষেত্রে since ব্যবহার হবে শুধুমাত্র point of time (past tense) এর ক্ষেত্রে।

দিন কিংবা বার এর ক্ষেত্রে since or from হয়।

সব tense এর ক্ষেত্রে from ব্যবহার করা যায়।

অনেক বেশি সময় এর ক্ষেত্রে, কোন ব্যক্তিগত ক্ষেত্রে from ব্যবহার হয়।

Period of time এর ক্ষেত্রে অর্থাৎ কোন নির্দিষ্ট সময়ের ব্যাপ্তি বোঝাতে for ব্যবহার হয়।

2. Negative Sentence: বাংলায় Present Perfect Continuous Tense এর না বাচক বাক্য লেখার কিছু নিয়ম আছে।

Structure:

Subject + has /have+not+ been + main verb + ing + since/from/for + object.

Example:

সে তিন দিন ধরে বিদ্যালয়ে আসছে না -She has not been coming to school for three days.

তারা ১ মাস ধরে মাঠে খেলছে না- They have not been playing for 1 month in the field.

দিপা গত রবিবার থেকে পরছে না – Dipa has not been studying since last Sunday.

3.Positive Interrogative Sentence: বাংলায় Present Perfect Continuous Tense এর হ্যা বাচক প্রশ্নবোধক বাক্য লেখার কিছু নিয়ম আছে।

Structure:

has /have+ Subject + been + main verb + ing + since/from/for + object?

তুমি কি ২ঘন্টা ধরে বইটি পড়ছ ? – Have you been reading the book for two hours?

সে কি ২ দিন ধরে জ্বরে ভুগছে? – Has she been suffering from fever since two days?

তোমরা কি ২ বছর ধরে এখানেই বাস করছ?- Have you been living here for two years?

4.Negative Interrogative Sentence: বাংলায় Present Perfect Continuous Tense এর না বাচক প্রশ্নবোধক বাক্য লেখার কিছু নিয়ম আছে।

Structure:

has /have+ Subject +not + been + main verb + ing + since/from/for + object?

Example: আমরা কি তোমার জন্য তিনদিন ধরে অপেক্ষা করছি না?- Have we not been waiting for you for three days?

তারা কি ২ ঘন্টা ধরে ক্রিকেট খেলছে না?- Have they not been playing cricket for two hours?

সে কি তিন ঘন্টা ধরে ঘুমাচ্ছে না? – Has he not been sleeping for three hours?

5.Positive Wh-word Interrogative Sentence: বাংলায় Present Perfect Continuous Tense এর Wh-word এর অর্থাৎ What(কি), Where (কোথায়),Why (কেন),When (কখন),Which (কোনটি),How (কিভাবে) হ্যা বাচক প্রশ্নবোধক বাক্য লেখার কিছু নিয়ম আছে।

Structure:

Wh-word+ has /have+ Subject + been + main verb + ing + since/from/for + object?

Example:

তোমরা ২ ঘন্টা ধরে কোথায় চলেছ? -Where have you been going for two years?

দিপা তিন দিন ধরে কি কাজ করছে ? – What has Dipa been doing for three days?

তারা কেন ১ সপ্তাহে ধরে কাজটি করছে? – Why have they been doing the work for one week?

6.Negative Wh-word Interrogative Sentence: বাংলায় Present Perfect Continuous Tense এর Wh-word এর অর্থাৎ What(কি), Where (কোথায়),Why (কেন),When (কখন),Which (কোনটি),How (কিভাবে) না বাচক প্রশ্নবোধক বাক্য লেখার কিছু নিয়ম আছে।

Structure:

Wh-word+ has /have+not + Subject + been + main verb + ing + since/from/for + object?

Example:

তারা কেন ১ সপ্তাহে ধরে কাজটি শেষ করছে না? – Why have they not been finishing the work for one week?

তুমি ২ দিন ধরে কোন বইটি পড়ছ না? -What book has not you been reading for two days?